

# Times Today BD

জেলা প্রতিনিধি | দেশজুড়ে | 26 April, 2025

ব্রাহ্মণবাড়িয়ার আখাউড়া পৌর এলাকার রাখানগরের টিঅ্যাভটি সংলগ্ন একটি নির্মাণাধীন বাড়ি থেকে ২০০৩ সালে একটি পানি তোলার মোটর চুরি হয়। দীর্ঘ ২২ বছর পর সেই চোর অনুশোচনা করেছেন। মোটর বিক্রির দুই হাজার টাকা মালিককে ফেরত দিয়েছেন।

ওই বাড়ির বাসিন্দা ইফরান মোর্শেদ বলেন, আজ থেকে ২২ বছর আগে ২০০৩ সালে আমাদের টিঅ্যাভটি সংলগ্ন নতুন বাড়ি করার সময় পানির মোটর চুরি হয়। ওই চোর মোটর নিয়ে যাওয়ার সময় আরেকজন ছেলে দেখে ফেলায় তখন চোর ছেলেটাকে ভাগ দেবে বলে চুপ করিয়ে দেয়। পরে দুই জনে মিলে এক হাজার টাকা করে ভাগ করে নেয়।

তিনি বলেন, গতকাল শুক্রবার (২৫ এপ্রিল) বাড়ির পাশের এক মাদরাসার ছাত্র ও আমার এক বড় ভাইকে সে এসব ঘটনা খুলে বলে। নিজের অনুশোচনার কথা জানায়। ছাত্রের কাছ থেকে এর পরিত্রাণ জানতে চায়। ছাত্র মোটর বিক্রির টাকা ফেরত দিতে বলেন। ভাই তখন টাকাটা নিতে চাননি। ছাত্রের পরামর্শে টাকাটা তিনি নেন ও টাকাটা মসজিদে দান করার সিদ্ধান্ত হয়।

চোর বাড়ির আশপাশেই থাকেন জানিয়ে তিনি বলেন, সে এখন এই পথে নেই। ভালো হয়ে গেছে। সৎ পথে চলার চেষ্টা করছে।

ব্রাহ্মণবাড়িয়া অনুশোচনা মোটর

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 09:27

URL: <https://www.timestodaybd.com/public/across-the-country/7758071463>